



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০



ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইল ০১৭১১-০০১৯০৮ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

প্রেস রিলিজ

“ছাত্র সমাজের অতুলনীয় আত্মত্যাগে হন্দ্য হয়েছে আমাদের আত্ম পরিচয়ের দীর্ঘ সংগ্রাম”

- প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনায় প্রধান বিচারপতি

বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল; ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

ছাত্র সমাজের অতুলনীয় আত্মত্যাগে হন্দ্য হয়েছে আমাদের আত্ম পরিচয়ের দীর্ঘ সংগ্রাম। ৫২ এর ভাষা আন্দোলন থেকে শুরু করে প্রতিটি ঐতিহাসিক গৌরবগাঁথায় জড়িয়ে আছে ছাত্র-ছাত্রীদের স্ব-প্রতিভ অবদান। মহান মুক্তিযুদ্ধে তাদের সশ্রেষ্ঠ অংশগ্রহণ ও সক্রিয় ভূমিকা বিশ্বের বুকে আমাদের এনে দিয়েছে লাল সবুজের পতাকা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন মাননীয় প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথি আরও বলেন- বিশ্ববিদ্যালয়ের ধারনা কেবল শ্রেণিকক্ষ, পাঠদান, পরীক্ষা কিংবা ডিপ্রি অর্জনে সীমাবদ্ধ না হয়ে মৌলিক জ্ঞানচর্চা ও মুক্তবুদ্ধির অনুশীলন বহমান রাখতে হবে। আপমর জনতার নিম্নার্থ সেবার মানসিকতায় উজ্জ্বলিত হতে হবে তোমাদের। মনে রাখতে শ্রেণি, পেশা, ধর্ম-বর্ণ-সম্পদায় নির্বিশেষে আমরা সবাই শহীদদের রক্তশান্ত এ মাটির সন্তান। এর আগে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল ১০ টায় বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। পরে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ বিবি বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দদের সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুস্পন্দিত অর্পণের মাধ্যমে বিন্দু শন্দা নিবেদন করেন। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিকাল ৪ টায় ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানান এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের পথচালায় সকলের সহযোগিতা কামনা করেন। স্বাগত বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ড. মোঃ আব্দুল কাইউম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুরশীদ আবেদীন ও মার্কেটিং বিভাগের শিক্ষার্থী খালিদ হাসান কাওসার। বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোঃ খোরশেদ আলমের সপ্তগ্রামীয় সভায় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস